

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১১০৩

১/ বিবিধ

আরবী

لهم ما لنا، وعليهم ما علينا. يعني أهل الذمة
باطل لا أصل له

وقد اشتهر في هذه الأزمنة المتأخرة، على ألسنة كثير من الخطباء والدعاة والمرشدين، مغترين ببعض الكتب الفقهية، مثل " الهداية " في المذهب الحنفي، فقد جاء فيه، في آخر " البيوع " وأهل الذمة في المبايعات كالمسلمين، لقوله عليه السلام في ذلك الحديث، فأعلمهم أن لهم ما للمسلمين، وعليهم ما عليهم فقال الحافظ الزيلعي في " تخريجه " : نصب الراية " (4/55) " لم أعرف الحديث الذي أشار إليه المصنف، ولم يتقدم في هذا المعنى إلا حديث معاذ، وهو في " كتاب الزكاة "، وحديث بريدة وهو في " كتاب السير "، وليس فيهما ذلك

ووافقه الحافظ في " الدراية " (ص 289) قلت: فقد أشار الحافظان إلى أن الحديث لا أصل له عن رسول الله صلى الله عليه وسلم، وأن صاحب " الهداية " قد وهم في زعمه ورود ذلك في الحديث. وهو يعني - والله أعلم - حديث ابن عباس؛ وهو الذي إليه الزيلعي " أن النبي صلى الله عليه وسلم بعث معاذًا إلى اليمن فقال: إنك تأتي قوماً أهل كتاب، فادعهم إلى شهادة أن لا إله إلا الله، وأني رسول الله، فإن هم أطاعوك، فأعلمهم أن

الله افترض عليهم صدقة في أموالهم.. " الحديث. وهو متفق عليه. فليس فيه - ولا في غيره - ما عزاه إليه صاحب " الهداية

بل قد جاء ما يدل على بطلان ذلك، وهو قوله صلى الله عليه وسلم في الحديث الصحيح

" أمرت أن أقاتل الناس حتى يشهدوا أن لا إله إلا الله.. فإذا فعلوا ذلك فقد حرمت علينا دماءهم وأموالهم إلا بحقها، لهم ما للمسلمين، وعليهم ما على المسلمين وإسناده صحيح على شرط الشيخين كما بينته في " الأحاديث الصحيحة " (299) فهذا نص صريح على أن الذين قال فيهم الرسول صلى الله عليه وسلم هذه الجملة " لهم ما لنا، وعليهم ما علينا

ليس هم أهل الذمة الباقين على دينهم، وإنما هم الذين أسلموا منهم، ومن غيرهم من المشركين

وهذا هو المعروف عند السلف، فقد حدث أبو البختری: " أن جيشا من جيوش المسلمين - كان أميرهم سلمان الفارسي - حاصروا قصرا من قصور فارس، فقالوا: يا أبا عبد الله ألا تنهد إليهم؟ قال: دعوني أدعهم كما سمعت رسول الله صلى الله عليه وسلم يدعو، فأتاهم سلمان، فقال لهم: إنما أنا رجل منكم فارسي، ترون العرب يطيعونني، فإن أسلمتم فلکم مثل الذي لنا، وعليكم مثل الذي علينا، وإن أبيتم إلا دينكم، تركناكم عليه، وأعطونا الجزية عن يد، وأنتم صاغرون أخرجه الترمذي وقال: " حديث حسن " وأحمد (5/440 و441 و444) من طرق عن عطاء بن السائب عنه

ولقد كان هذا الحديث ونحوه من الأحاديث الموضوعة والواهية سببا لتبني بعض الفقهاء من المتقدمين، وغير واحد من العلماء المعاصرين، أحكاما مخالفة للأحاديث الصحيحة، فالمذهب الحنفي مثلا يرى أن دم المسلمين كدم الذميين فيقتل المسلم بالذمي، وديته كديته مع ثبوت نقيض ذلك في السنة على ما بينته في حديث سبق برقم (458) ، وذكرت هناك من تبناه من العلماء المعاصرين

وهذا الحديث الذي نحن في صدد الكلام عليه اليوم طالما سمعناه من كثير من الخطباء والمرشدين يرددونه في خطبهم، يتبجحون به، ويزعمون أن الإسلام سوى بين الذميين والمسلمين في الحقوق، وهم لا يعلمون أنه حديث باطل لا أصل له عن رسول الله صلى الله عليه وسلم! فأحببت بيان ذلك، حتى لا ينسب إلى النبي صلى الله عليه وسلم ما لم يقل ونحوه ما روى أبو الجنوب قال: قال علي رضي الله عنه "من كانت له ذمتنا، قدمه كدمنا، وديته كديتنا" أخرجه الشافعي (1429) والدارقطني (350) وقال "وأبو الجنوب ضعيف" وأورده صاحب "الهداية" بلفظ "إنما بذلوا الجزية، لتكون دماؤهم كدمائنا، وأموالهم كأموالنا وهو مما لا أصل له، كما ذكرته في "إرواء الغليل" (1251)

বাংলা

১১০৩। যা কিছু আমাদের জন্য তা তাদের জন্যও, তাদের জন্য যা কিছু শাস্তি স্বরূপ তা আমাদের জন্যও শাস্তি স্বরূপ। অর্থাৎ যিম্মিরা।

হাদীসটি বাতিল এর কোন ভিত্তি নেই।

হাদীসটি এ যুগে প্রসিদ্ধি লাভ করেছে। কোন কোন ফিকার কিতাবে উল্লেখ হওয়ায় বহু খাতীব (বক্তা), দাঈ ও পথ প্রদর্শকদের মুখে মুখে উচ্চারিত হয়েছে। যেমন হানাফী মাযহাবের "হেদায়াহ" গ্রন্থে কিতাবুল বুযুর" শেষে এসেছেঃ "যিম্মিরা বেচা কেনার ক্ষেত্রে মুসলিমদের ন্যায় রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথার কারণে।

হাফিয় যায়লাঈ তার তাখরীজ গ্রন্থ "নাসবুর রায়াহ" (৪/৫৫) এর মধ্যে বলেছেনঃ মুসান্নেফ (লেখক) যে হাদীসটির দিকে ইঙ্গিত করেছেন সে হাদীসটিকে আমি চিনি না...।

হাফিয় ইবনু হাজার "আদ-দেয়াহ" গ্রন্থে (পৃঃ ২৮৯) তার সাথে ঐকমত্য পোষণ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ দুই হাফিয় ইঙ্গিত করেছেন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে হাদীসটির কোন ভিত্তি নেই। "হেদায়াহ" গ্রন্থের লেখক সন্দেহ বশতঃ বলেছেন হাদীসে বর্ণিত হয়েছে। বরং এমন হাদীস বর্ণিত

হয়েছে যা আলোচ্য হাদীসটি বাতিল হওয়ার প্রমাণ বহন করে। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ “আল্লাহ ছাড়া কোন সত্য উপাস্য নেই লোকেরা এ সাক্ষ্য না দেয়া পর্যন্ত আমাকে তাদের সাথে যুদ্ধ করার নির্দেশ দেয়া হয়েছে। যখন তারা তা করবে তখন নির্দিষ্ট হুক ব্যতীত তাদের রক্ত ও তাদের ধনসম্পদ আমাদের উপর হারাম হয়ে যাবে। তাদের জন্য সে সব কিছুই হবে যা মুসলিমদের জন্য আর তাদের শাস্তি তাই হবে যা মুসলিমদের ক্ষেত্রে হবে।’

এ হাদীসটির সনদ বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী সহীহ যেমনটি আমি "আল-আহাদীসুস সহীহাহ" গ্রন্থে (২৯৯) বর্ণনা করেছি।

এ হাদীসটি প্রমাণ করছে যে, আলোচ্য হাদীসটিতে যারা তাদের ধর্মের উপর প্রতিষ্ঠিত রয়েছে সেই সব যিম্মীদেরকে বুঝানো হয়নি। এর দ্বারা তাদেরকেই বুঝানো হয়েছে যারা তাদের মধ্য হতে ইসলাম গ্রহণ করেছে।

বর্তমান যুগের বহু খাতীব আলোচ্য হাদীসটি দ্বারা দলীল গ্রহণ করে খুৎবাতে বলে থাকেন যে ইসলাম প্রাপ্যের ক্ষেত্রে যিম্মী ও মুসলিমদেরকে সমঅধিকার দিয়েছে। তারা আসলে জানেন না যে, আলোচ্য হাদীসটির রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে কোন ভিত্তি নেই। বিশেষ করে হানারফী মাযহাবে মত দেয়া হয়েছে যে, মুসলিম ব্যক্তির হদ (শাস্তি) যিম্মীর হদের (শাস্তির) ন্যায়, যিম্মীকে হত্যা করার দায়ে মুসলিম ব্যক্তিকে হত্যা করতে হবে। অথচ সহীহ সুন্নাতে এর বিপরীত সিদ্ধান্ত এসেছে। এ বিষয়ে (৪৫৮ নং) হাদীসে আলোচনা করা হয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71982>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন